

স্মারক নং-ভৃত্যঃ/শা-৯/(বিবিধ)/১৩/০৯-৩৮৫,

তারিখ : ০৫-০৪-১০ খ্রিঃ

পরিপত্র

The State Acquisition & Tenancy Act, 1950[28 of 1951]এর ১৪৩ ধারা মোতাবেক জমির খতিয়ান সঠিকভাবে সংরক্ষণের উপর ভূমি প্রশাসন ব্যবস্থাপনা বহুলাশে নির্ভরশীল। উন্নোরণিকার বা রেজিস্ট্রি দলিল এবং অন্যান্য সূন্ধে ইত্তাত্ত্বের ফলে নামজারি-জমাভাগ, জমা একত্রিকরণের নিমিত্তে সরকার একটি নির্ধারিত নামজারি-জমাভাগের আবেদন ফরম প্রস্তুত করেছে (সংযুক্ত)। নির্ধারিত ফরমে আবেদনকারী অথবা তাঁর মনোনীত প্রতিনিধির নিকট হতে আবেদন প্রস্তুত করতে হবে।

- ২। উক্ত ফরমে এসএ এবং আরএস খতিয়ান অথবা দাগ এলাকা ভিত্তিক জরিপের ফলে ভিত্তির হতে পারে, যা ফরমে উল্লেখ করতে হবে। আবেদনকারী জমির খতিয়ানের ফটোকপি/সার্টিফাইড কপি, ওয়ারিশ সমনপত্র (অলধিক তিনি মাসের মধ্যে ইস্যুকৃত), মূল দাগিলের সার্টিফাইড/ফটোকপি, বায়া/পিট দলিল এবং সার্টিফাইড/ফটোকপি, ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা, তফসিলে বর্ণিত চৌহদিসহ কলমি নম্বৰ এবং প্রযোজ্য ফেজে আদালতের রায়/আদেশ/ভিত্তির সার্টিফাইড কপি প্রদান করতে হবে।
- ৩। নামজারি-জমাভাগের আবেদনসমূহ যথাব্যব ক্রম প্রাপ্তেই তুমানুসারে সুলিদিষ্ট রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। লিপিবদ্ধ তারিখের ব্যাত্য ঘটানো যাবেনা।
- ৪। নামজারি-জমাভাগ বা জমা একত্রিকরণের ফি বাবদ সর্বমোট ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা আদায় করতে হবে, তবে বিবাদীর সংখ্যা চার এর অধিক হলে প্রতি জনের নেটিশ জারীর জন্য আরো অতিরিক্ত ০.৫০ টাকা হিসেবে আদায় করা হবে।
- ৫। মহানগরের ফেজে ৬০ (ষাট) কার্যদিবস এবং অন্যান্য ফেজে ৪৫ (পঁয়তাত্ত্বিক) কার্যদিবসের মধ্যে নামজারি-জমাভাগ নিষ্পত্তি করতে হবে। আবেদন না-মঞ্জুর হলে কারণসহ তা আবেদনকারীকে অবহিত করতে হবে।
- ৬। প্রয়োজনীয় সহযোগিতার জন্য আবেদনকারী সহকারী কমিশনার (ভূমি) এর সাথে যোগাযোগ করতে পারবেন। সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে কোন সহযোগিতা না পেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার অথবা জেলা প্রশাসক এর নিকট লিখিত আবেদন জানাতে পারবেন।
- ৭। সকল মহানগরীর পেন্ডিং নামজারি-জমাভাগ মোকদ্দমাসমূহ জরারি ভিত্তিতে একটি ত্রাণ প্রোগ্রামের মাধ্যমে নিষ্পত্তির জন্য সকল বিভাগীয় কমিশনারগণ ব্যবস্থা গ্রহণ করবেন। পেন্ডিং মামলা বছর এবং মামলার তুমানুযায়ী নিষ্পত্তি করতে হবে।
- ৮। নামজারি-জমাভাগ মোকদ্দমার ফেজে প্রাপ্ত আবেদনের সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা, পেন্ডিং সংখ্যা ইত্যাদি বিষয় উল্লেখপূর্বক সহকারী কমিশনার (ভূমি) সাম্প্রাহিক ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারের নিকট, উপজেলা নির্বাহী অফিসার মাসিক ভিত্তিতে জেলা প্রশাসকের নিকট, জেলা প্রশাসক মাসিক ভিত্তিতে বিভাগীয় কমিশনারের নিকট এবং বিভাগীয় কমিশনার জৈমাসিক ভিত্তিতে ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।

(চলমান পৃষ্ঠা-২)

- ৯। নামজারি-জমাভাগ সম্পত্তি হওয়ার পর অবশ্যই রেকর্ড সংশোধন করতে হবে। সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের রেকর্ড সহকারী কমিশনার (ভূমি) সংশোধন করবেন। ইউনিয়ন ভূমি অফিসের রেকর্ডসমূহ কানুনগো সংশোধন করবেন। জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং রেভিনিউ ডেপুটি কালেক্টর পরিদর্শনের সময় বিষয়টি নিশ্চিত করবেন।
- ১০। নামজারি-জমাভাগ, জমা একযোগে সম্পর্কিত নামজারি ফরম- এর সার্বিক নির্দেশনার আলোকে কার্য সম্পাদন করা হচ্ছে কিনা তা মনিটর করার জন্য ভূমি সংস্কার বোর্ডের উর্ধ্বতন কর্মকর্ত্তাবৃন্দ, বিভাগীয় কমিশনার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং রেভিনিউ ডেপুটি কালেক্টর ব্যাপকভাবে তাঁর আওতাধীন এলাকা সফর করে নামজারি কার্যক্রমের যথাযথ বাস্তবায়ন তদারক করবেন এবং বিভাগীয় কমিশনারগণ প্রতি মাসে মন্ত্রণালয়ে এ সম্পর্কিত প্রতিবেদন দাখিল করবেন।
- ১১। এই বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের কোন শৈথিল্য দেখা গোলে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। সরকারি সম্পত্তি না হলে সর্বশেষ জরিপের প্রস্তুতকৃত রেকর্ডের তিনিটে নামজারি সম্পত্তি করতে হবে।
- ১৩। এই পরিপত্রে উল্লেখিত বিষয়ের সংগে সংগে সাংবর্ধিক অন্যান্য পরিপত্র/নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আতাহারুল ইসলাম)

সচিব

ভূমি মন্ত্রণালয়

স্মারক নং-ভৃত্তমং/শা-৯/(বিবিধ)/১৩/০৯-৩৮৫

তারিখ : ০৫-০৪-১০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হ'ল :-

- ১। মন্ত্রপরিষদ সচিব, মন্ত্রপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।  
৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিকিল বা/এ, ঢাকা।  
৫। চেয়ারম্যান, ভূমি অধিকার বোর্ড, সেঙ্গন বাগিচা, ঢাকা।  
৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।  
৮। মাননীয় ভূমি মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।  
৯। জেলা প্রশাসক ..... (সকল)।  
১০। মাননীয় ভূমি প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।  
১১। সচিব মন্ত্রণালয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।  
১২। উপজেলা নির্বাহি অফিসার ..... (সকল)।  
১৩। সহকারী কমিশনার(ভূমি) ..... (সকল)।

(মোঃ আব্দাছ উদ্দিন)

সিলিগুড় সহকারী সচিব

ফোন-৭১৬০১৫০